



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ফেনী সরকারী কলেজ, ফেনী

স্থাপিত: ১৯২২

ডাকঘর-ফেনী, উপজেলা-ফেনী, জেলা-ফেনী।



স্মারক নং-ফেসক/২০২৪/৪৫৮

তারিখ : ১৪/০৭/২০২৪ খ্রি.

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি**

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ফেনী সরকারি কলেজে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি কার্যক্রম প্রয়োজনীয় কাগজপত্র ও অনলাইনে টাকা জমা দিয়ে নির্ধারিত বুথে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন নির্দেশ দেয়া হলো।

**ভর্তির সময়সূচি ও প্রয়োজনীয় ফি- এর বিবরণ নিম্নরূপ :**

ভর্তির তারিখ ও বার	শাখা	ছাত্র ফি	ছাত্রী ফি	সময়
১৬/০৭/২০২৪ মঙ্গলবার	বিজ্ঞান	২৪৫০/-	২২১০/-	সকাল ১০: ০০ টা থেকে দুপুর ২: ০০ টা পর্যন্ত
	ব্যবসায় শিক্ষা	২৩৫০/-	২১১০/-	
	মানবিক	২৩৫০/-	২১১০/-	

ক) যে সকল শিক্ষার্থী বিভিন্ন সমস্যার কারণে নির্ধারিত তারিখে ভর্তি হতে পারবে না তাদেরকে ১৮/০৭/২০২৪ খ্রি. তারিখে অবশ্যই ভর্তি হতে হবে।

খ) শিক্ষার্থীরা ভর্তি ফরমে **Whatsapp** যুক্ত মোবাইল নম্বর দিতে হবে।

**ভর্তির সময় সঙ্গে আনতে হবে :**

- ভর্তি নিশ্চায়নের প্রমাণপত্রের প্রিন্টকপি।
- এসএসসি/সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র (লেমিনেটিং করা কাগজপত্র গ্রহণযোগ্য নয়)
- এসএসসি/সমমান পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের ফটোকপি (প্রত্যেকটি ২ কপি করে)।
- ছাত্রদের ছবি: সত্যায়িত ব্যতীত পাসপোর্ট সাইজ রঙিন স্বচ্ছ ছবি ৪ কপি ও স্ট্যাম্প সাইজের রঙিন ২ কপি।
- ছাত্রীদের ছবি: সত্যায়িত ব্যতীত পাসপোর্ট সাইজ রঙিন স্বচ্ছ ছবি ৫ কপি ও স্ট্যাম্প সাইজের রঙিন ২ কপি।
- ছবির পিছনে ছাত্র/ ছাত্রীর নাম ও বিভাগ (গ্রুপ) অবশ্যই লিখতে হবে।
- ০১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ভর্তি ফরমের যথাস্থানে আঠা দিয়ে লাগাতে হবে।
- কলেজ কর্তৃক সরবরাহকৃত ১২" x ১০" সাইজের খামের উপর নাম, পিতার নাম, মাতার নাম, মেধাক্রম, মোবাইল নম্বর ও বর্তমান ঠিকানা লিখতে হবে। (বাহির থেকে খাম ক্রয়ের প্রয়োজন নাই)
- মুক্তিযোদ্ধা কোটা শনাক্তকরণের প্রমাণস্বরূপ ক) মুক্তিযোদ্ধার মূল সনদ খ) পিতা/মাতার মূল জাতীয় পরিচয়পত্র গ) দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হলে ওয়ারিশ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক ধারাবাহিক ওয়ারিশনামার মূল সনদ সঙ্গে আনতে হবে ঘ) সকল সনদের ০১ সেট ফটোকপি জমা দিতে হবে।
- ২% কোটার ক্ষেত্রে (শিক্ষামন্ত্রণালয়) পিতা/মাতার কর্মস্থলের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।

**ভর্তির ফি জমাদান পদ্ধতি : (১৫/০৭/২০২৪ খ্রি. তারিখ ১১.০০ টা থেকে অনলাইনে টাকা পেমেন্ট করা যাবে)**

**Sonali Bill Payment System** ক্লিক করে **HSC Fee** সিলেক্ট করে অথবা

<https://sbl.com.bd:7070/HSCFee/Payment/Admission> ক্লিক করলে টাকা পেমেন্ট অপশান লগ ইন করে এসএসসি পরীক্ষার বোর্ড রোল ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে “ সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)” এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টার কার্ড/ এমেস কার্ড, নেক্রাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে।

**\*\* অপশান লগ ইন করে সঠিক তথ্য দিয়ে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তির ফি জমা দিয়ে প্রিন্ট কপি ডাউনলোড করতে হবে এবং ডাউনলোডকৃত কপি ভর্তি ফরম এর সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।**

[বি: দ্র : - ছাত্রছাত্রীদের প্রশংসাপত্র ও ট্রান্সক্রিপ্ট এর অন্তত ২ সেট ফটোকপি ভবিষ্যত প্রয়োজনে নিজের কাছে রাখার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।]

**একাদশ শ্রেণির বিভাগ ভিত্তিক বিষয়সমূহ :**


বিভাগ	আবশ্যিক বিষয়সমূহ	গ্রুপ বিষয়	ঐচ্ছিক বিষয়
মানবিক	বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি অথবা ইতিহাস, সমাজকর্ম, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি ও যুক্তিবিদ্যা (যে কোন ০৩ টি বিষয় ঐচ্ছিক ব্যতীত)	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি অথবা ইতিহাস, সমাজকর্ম, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি ও যুক্তিবিদ্যা (যে কোন ০১ টি)
ব্যবসায় শিক্ষা	বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	হিসাববিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা	অর্থনীতি
বিজ্ঞান	বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, গণিত (যে কোন ০৩ টি বিষয় ঐচ্ছিক ব্যতীত)	জীববিজ্ঞান, গণিত (যে কোন ০১ টি)

\* ভর্তির কক্ষে প্রবেশ এর পূর্বে ভর্তির তথ্য কেন্দ্র (মূল গেইট) হতে প্রত্যেক শিক্ষার্থীকে নিজ নিজ মেধাক্রম জেনে নিতে হবে।

\* শ্রেণি কার্যক্রম আরম্ভ হলে ছাত্রছাত্রীকে অবশ্যই কলেজ নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে শ্রেণি কক্ষে প্রবেশ করতে হবে।

\* কোন অভিভাবক শিক্ষার্থীর সাথে ভর্তির দিন কলেজের ভিতরে প্রবেশ না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

\* শ্রেণি কার্যক্রম আরম্ভ : ৩০ জুলাই, ২০২৪ খ্রি.

  
অধ্যক্ষ

ফেনী সরকারী কলেজ, ফেনী  
১৪/০৭/২৪